

Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 27 March, 2025

বছর কয়েক আগেও নির্ধারিত সময়ের পরে যাত্রীদের ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হতো ট্রেনের জন্য। কিন্তু সময়ের বদলে এখন যাত্রী নয়, ট্রেনই অপেক্ষা করছে যাত্রীদের জন্য। নির্ধারিত সময়েই প্লাটফর্মে আনা হচ্ছে ট্রেন রেক। ট্রেনের সিডিউলের এমন সুব্যবস্থাপনা দেখে যাত্রীরা উচ্ছ্বাস প্রকাশ করেছেন।

শুক্রবার (২৮ মার্চ) দেশের প্রধান ঢাকা রেলওয়ে স্টেশন ঘুরে চিত্র দেখা গেছে।

স্টেশন ঘুরে আরও দেখা যায়, স্টেশনের প্রতিটি প্লাটফর্মের লাইনে রাখা আছে ট্রেনের রেক। কোনোটাতে আবার অতিরিক্ত রাখা আছে। প্রতিটি ট্রেন নির্ধারিত সময়ে ঢাকা রেলওয়ে স্টেশন ছাড়ছে। ট্রেন ছাড়ার পর যেসব প্লাটফর্ম খালি হচ্ছে, সেসব প্লাটফর্মে পরবর্তী ট্রেনগুলোর রেক এনে রাখা হচ্ছে বা কোনো ফিরতি ট্রেনের জন্য খালি রাখা হচ্ছে।

যাত্রীদের সঙ্গে কথা বলে জানা গেছে, এতটা সময় মেনে ট্রেন চলতে গত বছর কিছুটা দেখলেও আগে কখনও দেখিনি। আগে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হতো ট্রেনের জন্য। শিডিউল বিপর্যয়ে মানুষের ঈদযাত্রা হতো দুর্বিষহ। ট্রেনে এবারে ঈদ যাচ্ছে অনেকটা স্বস্তিতে।

জামালপুর এক্সপ্রেস ট্রেনের যাত্রী জাহাঙ্গীর হোসেন বলেন, টিকিট সংগ্রহ করতে অনেকটা বেগ পেতে হলেও প্লাটফর্মে এসে ট্রেন পেতে কোনো বেগ পেতে হয়নি। নির্ধারিত সময় ৩০ মিনিটে আগে এসেও দেখলাম ট্রেন প্লাটফর্মে দেওয়া আছে। গতকাল আমার দুজন বন্ধুরা গেছে, ওরাও জানিয়েছে ট্রেন নির্ধারিত সময়ে চলাচল করছে। ঈদের এমন ট্রেন যাত্রাটা বেশ ভালোই লাগছে।

সাড়ে ১০টার কিশোরগঞ্জ এক্সপ্রেস ট্রেন ধরতে সকাল ৯টার সময়ই প্লাটফর্মে এসে হাজির তানভীর আহমেদ। জানতে চাইলে তিনি বলেন, আগে দেখেছি ঈদের সময় কমলাপুর রেল স্টেশন থেকে ট্রেনে উঠলেও মানুষের ভিড়ে নিজের আসনে যাওয়া যায় না। ঈদের সময় যাতে এরকম ঝামেলা না হয় এই জন্যই আগেভাগে স্টেশনে আসা। স্টেশনের প্লাটফর্মে ট্রেন দিয়েছে সাড়ে ৯টার সময়। ট্রেন সাড়ে দশটায় ছেড়ে যাবে। ট্রেনে এখনও তেমন ভিড় দেখছি না। বেশ আনন্দ লাগছে।

ঢাকা রেলওয়ে স্টেশনের স্টেশন ব্যবস্থাপক শাহাদাত হোসেন জানিয়েছেন, ভোর থেকে সকাল সাড়ে দশটা পর্যন্ত ১৩টি আন্তঃনগর ট্রেন স্টেশন ছেড়ে গেছে। প্রতিটি ট্রেন নির্ধারিত সময়ে ঢাকা স্টেশন ছেড়েছে।

ট্রেন রেলওয়ে প্লাটফর্ম

Generated on 18 June, 2025 20:18

URL: <https://timestodaybd.com/bangladesh/131775807>